বিদ্যুৎ ও জ্বালানি
নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
(বিসিএমসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।
এ্যাডমিনিশট্রেশন শাখা
www.bcmcl.org.bd

জরুরি
সীমিত

নম্বর ২৮.১২.০০০০.২১১.০২.০০১.২০.১৪৩

তারিখ ২১ চৈত্র ১৪৩০
০৪ এপ্রিল ২০২৪

বিজ্ঞপ্তি

বিষয়: **২০২৩-২০২৪ অর্থবছরে গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয়/উন্নয়ন (গৃহ/জমি/ফ্ল্যাট) ঋণ প্রদানের জন্য আবেদনপত্র আহ্বান।**

(১) অত্র কোম্পানির নিয়মিত কর্মকর্তা/কর্মচারী যারা ২০২৩-২০২৪ অর্থবছরে বসতবাড়ী তৈরীর উদ্দেশ্যে জমি ক্রয়/ ফ্ল্যাট ক্রয়/উন্নয়ন (গৃহ/জমি/ফ্ল্যাট)/গৃহ নির্মাণ ঋণ গ্রহণ করতে আগ্রহী তাঁদের নিকট হতে নির্ধারিত আবেদনপত্রে (আবেদন পত্র সংযুক্ত) আহ্বান করা যাচ্ছে;

(২) (ক) নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণপূর্বক মূল দলিল/নকল দলিল (বরাত/মূল দলিলের টোকেন), খারিজ খতিয়ান, ডিসিআর এবং হালনাগাদ খাজনার কপি জমা দিতে হবে;

(খ) একাধিকবার ঋণ গ্রহণে আগ্রহী আবেদনকারী-কে শুধুমাত্র হালনাগাদ খাজনার কপিসহ আবেদন করতে হবে;

(গ) মেট্রোপলিটন ও পার্শ্ববতী এরিয়া বা উহার বাহিরে থানা বা উপজেলা সদর/পৌরসভা কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত জমির মূল্য নির্ধারণ সনদ (Valuation Certificate)-এর কপি জমা দিতে হবে;

(ঘ) ওয়ারিশ সূত্রে প্রাপ্ত জমির ক্ষেত্রে ওয়ারিশ সনদ এবং পরিবারের বড় সন্তানের জন্য বাটোয়ারা দলিলের মূল কপি/নকল কপি (টোকেনসহ) এবং অন্যান্য সন্তানের ক্ষেত্রে নকল কপি, খারিজ খতিয়ান, ডিসিআর এবং হালনাগাদ খাজনা কপিসহ জমা দিতে হবে;

(৩) গৃহ নির্মাণ/ জমি ক্রয়/ ফ্ল্যাট ক্রয় ঋণ/অগ্রিমের জন্য আবেদনকারীর চাকুরি বিসিএমসিএল-এ স্থায়ী হতে হবে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে নিরবচ্ছিন্নভাবে বিসিএমসিএল-এ চাকুরির কাল ন্যূনতম ০৭ (সাত) বছর হতে হবে;

(৪) এই নীতিমালায় বর্ণিত মতে অভিযুক্ত কোন কর্মকর্তা/কর্মচারী কোন প্রকার ঋণ পাবার অধিকারী হবে না;

(৫) বিসিএমসিএল-এর চাকুরিতে চুক্তিভিত্তিক/খণ্ডকালীন/প্রেষণে/লিয়েনে নিয়োজিত কোন ব্যক্তি এই ঋণ পাওয়ার যোগ্য হবেন না। তবে কোম্পানির কোন কর্মকর্তা/কর্মচারী অন্যত্র প্রেষণে থাকাকালীন সময়ে কোম্পানি হতে এই নীতিমালার আওতায় ঋণ পাওয়ার যোগ্য হবেন;

(৬) ঋণের সর্বোচ্চ সিলিং ১৫০ (একশত পঞ্চাশ) মাসের মূল বেতন অথবা ৬০.০০ (ষাট লক্ষ) টাকা, যা কম;

(৭) প্রদত্ত ঋণের উপর ব্যাংক রেটের সমহারে অর্থাৎ বর্তমানে ৪% (শতকরা চার ভাগ) হারে সুদ ধার্য হবে। তবে, সময়ে সময়ে পরিবর্তিত ব্যাংক রেট প্রযোজ্য হবে;

(৮) কোন কর্মকর্তা/কর্মচারী কর্তৃক নীতিমালার অধীন গৃহীত ঋণের মূল অর্থ ১৬০ (একশত ষাট) টি সম মাসিক কিস্তিতে এবং সুদের অর্থ ৬০ (ষাট) টি সম মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য হবে। যদি এরপরও কারো অবশিষ্ট থাকে তা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর চুড়ান্ত হিসাবের সাথে সমন্বয় করা হবে;

(৯) গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয়/উন্নয়ন (গৃহ/জমি/ফ্ল্যাট) ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে যে সকল কর্মকর্তা/কর্মচারীগণের বয়সসীমা আবেদনের শেষ তারিখে সর্বোচ্চ ৫৬ বছর হয়েছে তাদেরকেও এই ঋণ প্রদান করা যেতে পারে, সেই ক্ষেত্রে গৃহীত ঋণ/অগ্রীমের সুদসহ মূল অর্থ সুবিধাজনক কিস্তিতে অবসর গ্রহণের প্রাক্কালে আদায়যোগ্য হবে। তবে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে আনুতোষিক হিসাবের ভিত্তিতে সর্বোচ্চ প্রাপ্তির বেশী গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয়/ উন্নয়ন (গৃহ/জমি/ফ্ল্যাট) ঋণ মঞ্জুর করা যাবে না। ঋণ গ্রহণকালে অবসর গ্রহণের প্রাক্কালে ঋণের অর্থ অপরিশোধিত থাকলে তা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর আনুতোষিক/মাসিক পেনশন/ভবিষ্যৎ তহবিল হতে সমন্বয় করা হবে মর্মে ঋণ গ্রহণকারীকে অঙ্গীকারনামা প্রদান করতে হবে;

(১০) ঋণ কেবলমাত্র গৃহ নির্মাণ অথবা নিজ বসতবাড়ী তৈরীর উদ্দেশ্যে জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয়ের জন্য মেট্রোপলিটন ও পার্শ্ববর্তী এরিয়া বা উহার বাহিরে থানা বা উপজেলা সদর/পৌরসভা এলাকায় সেমিপাকা (ইটের দেয়াল এবং টিনের চালা) বাড়ি তৈরী করার জন্য ঋণ প্রদান করা হবে;

(১১) গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয়/উন্নয়ন (গৃহ/জমি/ফ্ল্যাট) ঋণ প্রদানের ক্ষেত্রে পূর্বের গৃহীত ঋণের সমুদয় অর্থ সুদসহ সমন্বয়/ পরিশোধ হলে বাজেটে অর্থের সংকুলান সাপেক্ষে গৃহ নির্মাণ বা সম্প্রসারণের জন্য সর্বশেষ সিলিং অনুযায়ী ঋণ প্রদান করা যেতে পারে। আবেদনকারীকে ঋণ প্রদানের পর নীট প্রাপ্ত বেতন অবশ্যই এক-তৃতীয়াংশ থাকতে হবে;

(১২) গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয়/উন্নয়ন (গৃহ/জমি/ফ্ল্যাট) ঋণ-এর আবেদনপত্র সংশিষ্ট বিভাগীয় প্রধানের মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্র **আগামী ৩০/০৪/২০২৪ তারিখের** মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রশাসন বিভাগে দাখিল করতে হবে। **উল্লেখিত তারিখের পর এতদ্ সম্পর্কীয় কোন ঋণ/অগ্রিমের আবেদনপত্র গ্রহণ করা হবে না;**

(১৩) গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয়/ উন্নয়ন (গৃহ/জমি/ফ্ল্যাট) ঋণ প্রদানের প্রক্রিয়া অত্র কোম্পানির প্রচলিত গৃহ নির্মাণ ঋণের নিয়ম/বিধি অনুযায়ী সম্পন্ন হবে;

(১৪) উক্ত বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি, গৃহনির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ/অগ্রিম নিয়মবিধির অপরাপর সকল শর্তাবলী প্রযোজ্য হবে। উক্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তাবলী বিসিএমসিএল-এর গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয়/ উন্নয়ন (গৃহ/জমি/ফ্ল্যাট) ঋণ নীতিমালা-২০১১ এর শর্তাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ না হলে নীতিমালার শর্তাবলী প্রযোজ্য হবে;

(১৫) কর্তৃপক্ষ যে কোন/সকল আবেদন গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

৪-৪-২০২৪

মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ফোন: +৮৮০২৫৮৮৮৭৮৬০৮
ইমেইল:
gmad.bcmcl@gmail.com

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

২) মহাব্যবস্থাপক, প্লানিং এন্ড এক্সপ্লোরেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৩) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), সারফেস অপারেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৪) মহাব্যবস্থাপক, অর্থ ও হিসাব বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৫) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), মাইন অপারেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৬) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), মার্কেটিং বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৭) মহাব্যবস্থাপক / কোম্পানি সচিব (চলতি দায়িত্ব), কোম্পানি সচিবালয় বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৮) উপ-মহাব্যবস্থাপক, অডিট ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৯) বিসিএমসিএল-এর সকল কর্মকর্তা -কর্মচারী (পার্সোনেল শাখা কর্তৃক প্রস্তুতকৃত)।

১০) ব্যবস্থাপক, আইসিটি এন্ড টেলিকমিউনিকেশন শাখা, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল) )[বিসিএমসিএল-এর ওয়েবসাইট এ প্রকাশের অনুরোধসহ]।